ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০৯৯

করবুক, ৩ অক্টোবর, ২০২৫

**করবুকে শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গত ১ অক্টোবর করবুক মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে যথাযোগ্য মর্যাদায় করবুক মহকুমা ভিত্তিক কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন করবুক মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমনি ত্রিপুরা, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য উত্তম দেবনাথ, সুপেশ ত্রিপুরা, সমাজসেবী যতিন্দ্র দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল কার্তিক দেববর্মা। স্বাগত ভাষণ রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক। অনুষ্ঠান উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

*******